

তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)

এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা

শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৫৭/২০১৪

অভিযোগকারী : জনাব বদিউল আলম মজুমদার

পিতা-রঙ্গু মিঞা মজুমদার

১২/২ ইকবাল রোড

মোহাম্মদপুর, ঢাকা।

প্রতিপক্ষ : জনাব এস এম আসাদুজ্জামান

পরিচালক (জনসংযোগ)

ও

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)

বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়

শেরে বাংলা নগর, ঢাকা।

সিদ্ধান্তপত্র।

(তারিখ : ১৬-০৭-২০১৪ ইং)

অভিযোগকারী জনাব বদিউল আলম মজুমদার তার দাখিলকৃত ৯৭/২০১৩ নং অভিযোগের বিষয়ে ২২-১০-২০১৩ তারিখে তথ্য কমিশন কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত মোতাবেক নির্বাচন কমিশন রাজনৈতিক দলসমূহের কাছে তথ্য অধিকার আইনের ধারা ৯(৮) এর ভিত্তিতে 'তৃতীয় পক্ষের' মতামত নেয়ার যে পদক্ষেপ নিয়েছে তাতে আইনের সঠিক পাঠ ও প্রয়োগ প্রতিফলিত হয়নি বলে অভিযোগ করেন। তথ্য কমিশনের সিদ্ধান্ত ও নির্বাচন কমিশনের উক্ত পদক্ষেপের বিরুদ্ধে তিনি ০১-০৬-২০১৪ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন।

০২। বিষয়টি কমিশনের ২৯-০৬-২০১৪ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ১৬-০৭-২০১৪ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৩। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব বদিউল আলম মজুমদার ও প্রতিপক্ষ বাংলাদেশ নির্বাচন কমিশনের পরিচালক (জনসংযোগ) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব এস এম আসাদুজ্জামান এবং তার পক্ষে নিয়োজিত বিজ্ঞ আইনজীবী জনাব তৌহিদুল ইসলাম হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, রাজনৈতিক দলের অডিট রিপোর্ট প্রাপ্ত হননি। তথ্য কমিশনে দায়েরকৃত ৯৭/২০১৩ নং অভিযোগের বিষয়ে কমিশন কর্তৃক প্রদত্ত সিদ্ধান্তে রাজনৈতিক দলের মতামত নেয়ার কথা বলা হয়েছে কিন্তু রাজনৈতিক দলের অডিট রিপোর্ট নির্বাচন কমিশনে রয়েছে এবং তা পাবলিক ডকুমেন্ট। যেহেতু, পাবলিক ডকুমেন্ট তাই এ তথ্য সরবরাহযোগ্য।

০৪। বাংলাদেশ নির্বাচন কমিশনের পরিচালক (জনসংযোগ) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) তার বক্তব্যে উল্লেখ করেন যে, ইতোপূর্বে তথ্য কমিশনে দায়েরকৃত ৯৭/২০১৩ নং অভিযোগের প্রেক্ষিতে তথ্য কমিশনের নির্দেশনা অনুযায়ী নির্বাচন কমিশনের পক্ষ থেকে ২১ (একুশ) টি রাজনৈতিক দলের কাছে তাদের সম্মতি চেয়ে চিঠি প্রদান করা হয়, এবং তার মধ্যে মাত্র তিনটি রাজনৈতিক দল তথ্য প্রদানে তাদের অনাপত্তির কথা জানায়। এ প্রেক্ষিতে অভিযোগকারীকে ২৩-১২-২০১৩ তারিখের পত্রের মাধ্যমে জানিয়ে দেয়া হয় যে তিনি ঐ তিনটি রাজনৈতিক দলের তথ্য পেতে পারেন। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা ৯(৮) অনুযায়ী তৃতীয় পক্ষের কোন গোপনীয় তথ্য তার মতামত ও সম্মতি ব্যতিরেকে অনুরোধকারীকে প্রদান না করার বিধান রয়েছে। সংশ্লিষ্ট যে সমস্ত রাজনৈতিক দলসমূহ উল্লিখিত তথ্যাদি কোন তৃতীয় পক্ষের নিকট প্রদান করার বিষয়ে কোন সম্মতি প্রদান করেনি, সে সমস্ত তথ্যাদি প্রদান আইনসংগত নয় বিধায় তা যথাযথভাবে অভিযোগকারীকে জানিয়ে দেয়া হয়েছে।

(অঃ পৃঃ দ্রঃ)

পর্যালোচনা।

অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) উভয়ের বক্তব্য শবনান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) ৯৭/২০১৩ নং অভিযোগে কমিশনের প্রদত্ত নির্দেশনা অনুযায়ী ব্যবস্থা গ্রহণপূর্বক অভিযোগকারীকে অবগত করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিতভাবে অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

যেহেতু, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীকে তথ্য কমিশনের নির্দেশনা অনুযায়ী তথ্য সরবরাহের বিষয়ে অবগত করেছেন, সেহেতু, পূর্বের সিদ্ধান্ত বহাল রেখে অভিযোগটি নিষ্পত্তি করা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত
(মোহাম্মদ ফারুক)
প্রধান তথ্য কমিশনার